দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

125

# শিক্ষক ধর্মঘট অব্যাহত থাকিলেও কোন কোন স্কুলে ক্লাস চলিতেছে

**রেজানুর রহমান** ।। অব্যাহত শিক্ষক-কর্মচারী ধর্মঘটকে কেন্দ্র করিয়া নগরীর বেসরকারী স্কুলসমূহে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হইয়াছে। কোন কোন স্কুলে ধর্মঘট হইতেছে, আবার কোন কোন স্কুলে ক্লাস চলিতেছে। যাহারা ক্লাশ শুরু করিয়াছে তাহাদের বক্তব্য, লিয়াজোঁ কমিটির আন্দোলনের সহিত আমাদের কোন দ্বিমত নাই। ছাত্র

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষক ধর্মঘট

(১ম পৃঃ পর)

ছাত্রীদের শিক্ষা জীবনের কথা চিন্তা করিয়া আমরা ক্লাস নিতে শুরু করিয়াছি।

পূর্ণাঙ্গ জাতীয় বেতন স্কেল প্রদান, ট্রাষ্টি বোর্ড পুনর্গঠনসহ ১৫ দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে ১৮ই এপ্রিল সারাদেশে বেসরকারী স্কুল-কলেজসমূহে শিক্ষক-কর্মচারী ধর্মঘট শুরু হয়। সরকার শিক্ষকদের কতিপয় দাবী মানিয়া নেওয়ার পরও শিক্ষকদের ধর্মঘট কর্মসূচী অব্যাহত রহিরাছে। গতকাল সারাদেশে শিক্ষক ধর্মঘটের ৪৩তম দিন অতিবাহিত হয়। খোঁজ নিয়া দেখা গিয়াছে নগরীর নামকরা কয়েকটি স্কুল যথাক্রমে ভিখারুন নেসা নুন স্কুল, মতিঝিল আইডিয়াল স্কুল, ইস্পাহানী উচ্চবিদ্যালয়, উদয়ন বিদ্যালয়ে ক্লাস শুরু হইয়াছে। গতকাল উৎকন্ঠিত একজন অভিভাবক বলিলেন, কোথাও ক্লাস হইবে, কোথাও হইবে না ইহা কেমন কথা। দেড় মাস ধরিয়া ধর্মঘট চলিতেছে অথচ সংকট নিরসনে কাহারও কোন তৎপরতা নাই। এই অবস্থা আর কত দিন চলিবে?

ঈদের পূর্বে অধিকাংশ বেসরকারী স্কুল কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের বলিয়া দিয়াছিল, সংবাদপত্র ও টেলিভিশনের প্রতি খোঁজ রাখিতে ইহার পর হইতেই ছাত্র-ছাত্রী অভিভাবকবৃন্দ শিক্ষক ধর্মঘট প্রত্যাহার হইল কিনা এবং ক্লাশ শুরু হইবে কিনা এই আশায় দিনগুণিতে থাকে। তাহারা প্রায় প্রতিদিন স্কুলে ধর্ণা দিতেছে। সঠিক খবর কেহই বলিতেছে না। পাশাপাশি কিছু স্কুলে ক্লাশ শুরু হওয়ায় অভিভাবকদের দুশ্চিন্তা বৃদ্ধি পাইয়াছে। একজন অভিভাবক বলিলেন, বছরের ৬ মাস যাইতেছে। ছেলে-মেয়েরা পড়াশুনা হইতে দূরে সরিয়া রহিয়াছে। অচিরেই সংকটের সমাধান হওয়া দরকার। এদিকে দাবী আদায় না হওয়া পর্যন্ত লিয়াজো কমিটি অব্যাহত ধর্মঘট কর্মসূচী পালন করার আহ্বান জানাইয়াছে। ১১ই জুন ঢাকায় মহা-অবস্থান ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হইয়াছে। লিয়াজো কমিটির কেন্দ্রীয় নেতৃবৃন্দ গণসংযোগ পালনের কর্মসূচী হিসাবে গতকাল সকালে বিএনপি মহা সচিব ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদারের সহিত বৈঠকে মিলিত হন। বিকালে জামায়াত নেতৃবৃন্দের সহিত তাহাদের পৃথক বৈঠক অনুষ্ঠিত হয়। উভয় বৈঠকে শিক্ষক নেতৃবৃন্দের পক্ষে শেখ আমানুল্লাহ, কাজী ফারুক আহমেদ, এ, কে এম জহিরুল ইসলাম, অধ্যাপক আসাদুল হক, মাজেদ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

ইহাছাড়া গতকাল সকালে ঢাকা শিক্ষা বোর্ডের সম্মুখে লিয়াজো কমিটি ঢাকা মহানগর শাখা এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।